

ලুকমান | Luqman | لُقْمَانٌ

আয়াতঃ ৩১ : ২৫

আরবি মূল আয়াত:

وَلَئِن سَأَلْتَهُمْ مَنْ خَلَقَ السَّمَوَاتِ وَالْأَرْضَ لَيَقُولُنَّ اللَّهُ ۖ قُلِ الْحَمْدُ لِلَّهِ ۖ بَلْ أَكْثَرُهُمْ لَا يَعْلَمُونَ ۝ ۲۵ ۝

A | ✎ অনুবাদসমূহ:

আর যদি তুমি তাদেরকে জিজ্ঞাসা কর, 'কে আসমানসমূহ ও যমীন সৃষ্টি করেছেন?' তারা অবশ্যই বলবে, 'আল্লাহ' বল, 'সমস্ত প্রশংসা আল্লাহর; কিন্তু তাদের অধিকাংশই জানে না'। — আল-বায়ান

যদি তুমি তাদেরকে জিজ্ঞেস কর- আকাশমন্ডলী ও যমীন কে সৃষ্টি করেছে, তারা অবশ্য অবশ্যই বলবে- আল্লাহ। বল, যাবতীয় প্রশংসা আল্লাহর, কিন্তু তাদের অধিকাংশই জানে না। — তাইসিরত্বল

তুমি যদি তাদেরকে জিজ্ঞেস করঃ আকাশমন্ডলী ও পৃথিবী কে সৃষ্টি করেছেন? তাহলে তারা নিশ্চয়ই বলবেঃ আল্লাহ! বলঃ প্রশংসা আল্লাহর। কিন্তু তাদের অধিকাংশই জানেনা। — মুজিবুর রহমান

And if you asked them, "Who created the heavens and earth?" they would surely say, "Allah." Say, "[All] praise is [due] to Allah "; but most of them do not know. — Sahih International

২৫. আর যদি আপনি তাদেরকে জিজ্ঞেস করেন, আসমানসমূহ ও যমীন কে সৃষ্টি করেছেন? তারা অবশ্যই বলবে, আল্লাহ। বলুন, সকল প্রশংসা আল্লাহরই, কিন্তু তাদের অধিকাংশই জানে না।

-

তাফসীরে জাকারিয়া

(২৫) তুমি যদি ওদেরকে জিজ্ঞাসা কর, 'আকাশমন্ডলী ও পৃথিবী কে সৃষ্টি করেছেন?' তাহলে ওরা নিশ্চয় বলবে, 'আল্লাহ।'[1] বল, 'সর্বপ্রশংসা আল্লাহরই'; [2] কিন্তু ওদের অধিকাংশই জানে না।

[1] অর্থাৎ, তারা স্বীকার করে যে, আকাশ ও পৃথিবীর সৃষ্টিকর্তা আল্লাহ; এই সকল বাতিল উপাস্য নয়, যাদের তারা উপাসনা করে থাকে।

[2] যেহেতু তাদের স্বীকারোভিতে তাদের উপর ভজ্জত কায়েম হয়ে গেছে।

তাফসীরে আহসানুল বাযান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=3494>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন